**উপজেলা পরিষদ**

মোহনগঞ্জ, নেত্রকোণা

**বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ২৭ নভেম্বর ২০২৪ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব রেজওয়ানা কবির, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১ম কিস্তিতে ২৪,৮৬,০০০.০০ (চব্বিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা হারে বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের আলোকে আরো ০৩ কিস্তি হিসেবে মোট ৯৯,৪৪,০০০.০০ (নিরানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা প্রকল্প প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে তিনি জানান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এবং রাজস্ব তহবিলের আওতায় দ্রুত প্রকল্প প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। নীতিমালা অনুযায়ী ৭০% টেন্ডার এবং ৩০% পিআইসির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | ০৬নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | ০৬নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, তার ইউনিয়নে গ্রাম পুলিশ নেই মর্মে গ্রাম পুলিশ নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, অফিসের সামনে রেইনট্রি গাছটি অত্যন্ত পুরাতন গাছটি ঝড়ে ভেঙ্গে গেছে জানমালের ক্ষয়ক্ষতির হতে পারে তাই গাছটি অপসারন করার জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী ও প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালনা হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, দেশব্যাপী মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের আওতায় নিয়মিত মাছ বাজার মনিটরিং করা হচ্ছে এবং সামনে শীতকালকে বিবেচনা করে পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদানসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গ্রীস্মকালীন খেলাধুলা ২০২৪ ব্যয় নির্বাহের জন্য ৫০০০/-টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দ পাওয়ার জন্য তিনি অনুরোধ করেন এবং শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৮ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং কাজের ধারা অব্যাহত থাকবে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ০১ নভেম্বর ২০২৪ খ্রিঃ জাতীয় যুব দিবস উদ্‌যাপন হয়েছে। দিবসে প্রশিক্ষণের উদ্বোধন ও অন্যান্য ভাতা বিতরণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে অংশ গ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটি সম্পন্ন হয়, তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

CamScanner

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০- (৪০) তারিখঃ ২৭ নভেম্বর ২০২৪ খ্রি.

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ..........................................................,........অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,..................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

(রেজওয়ানা কবির)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com